

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
hsp.sedp@gmail.com



স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/২৭৫-ক

তারিখ: ২৫.০৪.২০২১ খ্রি.

বিষয়ঃ ২০২০-২১ শিক্ষাবর্ষের একাদশ এবং ২০২১ সালের ৬ষ্ঠ শ্রেণির উপবৃত্তির জন্য HSP MIS এ শিক্ষার্থীদের তথ্য এন্ট্রিকরণ ও উপজেলা হতে PMEAT/HSP তে প্রেরণের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র: এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৬৮/১(১৫)/৫১৭, তারিখ: ২৪/০৩/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণি এবং ২০২১ সালের ৬ষ্ঠ শ্রেণির উপবৃত্তির জন্য HSP MIS এ শিক্ষার্থীদের তথ্য এন্ট্রিকরণের লক্ষ্যে ইতিপূর্বে শিক্ষা প্রতিষ্ঠান ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান হতে শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি ও উপজেলায় প্রেরণ করার জন্য ২৩.০৪.২০২১ তারিখ এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক PMEAT/HSP তে প্রেরণ করার জন্য ২৭.০৪.২০২১ তারিখ নির্ধারণ করা হয়েছিল।

সার্বিক অবস্থা বিবেচনা করে ২০২০-২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণি এবং ২০২১ সালের ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির জন্য সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠান হতে HSP MIS এ তথ্য এন্ট্রি ও উপজেলায় প্রেরণ করার জন্য ২৭.০৪.২০২১ তারিখ এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হতে PMEAT/HSP তে প্রেরণ করার জন্য ৩০.০৪.২০২১ তারিখ পর্যন্ত সময় বর্ধিত করা হলো।

বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকলা উপজেলা/থানা

(স্বাক্ষরিত)
(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/২৭৫-ক

তারিখ: ২৫.০৪.২০২১ খ্রি.

অনুলিপি:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রোগ্রাম-কো-অর্ডিনেটর, সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম।
- ৬। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৭। নির্বাহী পরিচালক, SPFMSP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৮। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
- ৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১০। জেলা শিক্ষা কর্মকর্তা, সকল জেলা।
- ১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্কিমভুক্ত সকল প্রতিষ্ঠান।
- ১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
(মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৪। সহকারী প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
(পিএমইএটি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৫। অফিস কপি।

(স্বাক্ষরিত)
(মোঃ তৌফিক এরফান)
গবেষণা কর্মকর্তা (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি।